

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ওএম/৬৫-সম(অংশ-১)/২০১১/১৬২২

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬
২১ নভেম্বর ২০১৯

অফিস আদেশ

নীলফামারী জেলা সৈয়দপুর উপজেলাধীন তুলশীরাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গত ০৬.১০.২০১৯ তারিখে ৩৭.০০.০০০০.০৭১.১৫.০১১.১৭.৯৭৮ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারকে শিক্ষক/শিক্ষিকাদের এডহক ভিত্তিক নিয়োগ প্রদান করেন। কিন্তু প্রধান শিক্ষক/সহকারী প্রধান পদায়ন না হওয়ায় জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব ফাহিমদা বেগমকে ১৮.১১.২০১৯ তারিখ হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ~~(অতিরিক্ত দায়িত্ব)~~ দায়িত্বভার গ্রহণ করায় আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/জ্যেষ্ঠ সহকারী শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

স্বাক্ষরিত
সৈয়দ মোঃ গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ওএম/৬৫-সম(অংশ-১)/২০১১/১৬২২

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬
২১ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৩) সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, নোয়াখালি।
- ৫) প্রধান শিক্ষক, -----।
- ৬) জনাব -----।
- ৭) সংরক্ষণ নথি।

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১

২১.১১.১৯